তারিখ 12 APR 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# অভিভাবক প্রতিনিধি নির্বাচনে বাণিজ্যের অভিযোগ

■ বাঞ্ছারামপুর (ব্রাহ্মণবাড়িয়া) প্রতিনিধি

বাঞ্ছারামপুর

বাঞ্ছারামপুর উপজেলার দড়িকান্দি বাড্ডা আসমাতুননেছা উচ্চ বিদ্যালয়ের অভিভাবক সদস্য নির্বাচনে মনোনয়ন ফরম নিয়ে বাণিজ্যের অভিযোগ উঠেছে। প্রতি ফরমে ২০ হাজার করে টাকা নিয়েছে বলে জানিয়েছেন প্রার্থীরা। এ নিয়ে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়েছে।

গত ৭ ও ১০ এপ্রিল বিদ্যালয়ের অভিভাবক সদস্যপদে মনোনয়ন ফরম বিক্রি হয়। এতে সাধারণ সদস্যপদে সাতজন, সংরক্ষিত নারী সদস্যপদে একজন এবং দাতা সদস্যপদে দু'জন মনোনয়ন ফরম ক্রয় করেন। প্রতিটি মনোনয়ন ফরম বাবদ প্রত্যেকের কাছ থেকে ২০ হাজার করে টাকা নিয়েছে বিদ্যালয় কর্তৃপক্ষ। আগামী ২৭ এপ্রিল নির্বাচন অনুষ্ঠিত হবে।

এ বিষয়ে সংরক্ষিত নারী সদস্য প্রার্থী খালেদা মুনমুন দীপ্তি বলেন, 'শিক্ষা বোর্ডের কোনো অনুমোদন ছাড়া মনোনয়ন ফরম বাবদ ২০ হাজার করে টাকা নেওয়া হয়েছে।' এ ব্যাপারে প্রধান শিক্ষক হুমায়ুন কবির বলেন, 'বিদ্যালয়ের পরিচালনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী টাকা নেওয়া হয়েছে।'

বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সভাপতি রেহান উদ্দিন দুলাল বলেন, 'বেসরকারি বিদ্যালয়ের কমিটির সিদ্ধান্তই সর্বশেষ সিদ্ধান্ত। কমিটি ইচ্ছা করলে এমন টাকা নিতে পারে।